

ফেব্রুয়ারিতে রাকসুর রোডম্যাপ দেওয়ার ইচ্ছা : রাবি উপাচার্য

রাবি প্রতিনিধি

১৮ ফেব্রুয়ারি ২০২৫, ১২:০০ এএম



রাজশাহী বিশ্ববিদ্যালয়ের (রাবি) উপাচার্য অধ্যাপক সালেহ্ হাসান নকীব বলেছেন, আমার অসম্ভব ইচ্ছা আছে, ফেব্রুয়ারির মধ্যে রাকসুর একটা পূর্ণাঙ্গ রোডম্যাপ শিক্ষার্থীদের সামনে তুলে ধরব। এ ছাড়া দ্রুতই নির্বাচন দেওয়ার চেষ্টা চলছে। এ ক্ষেত্রে সবাইকে সুষ্ঠু পরিবেশ বজায় রাখার আহ্বান করছি।

UNIBOTS

গতকাল সোমবার রাবির সিনেট ভবনে ইউকে ইন্টারন্যাশনাল ডেভেলপমেন্ট ও ডেমোক্রেসি ইন্টারন্যাশনাল আয়োজিত ‘রাকসু সংলাপ : সংস্কার ও নির্বাচন’ শীর্ষক সংলাপে উপাচার্য এসব কথা বলেন। তিনি আরও বলেন, গঠনতন্ত্র সংস্কার কমিটি গঠনতন্ত্রের যে সামারি (সার-সংক্ষেপ) নিয়ে এসেছে, সেটা সবার সামনে তুলে ধরবে। এ বিষয়ে মতামতের জন্য নির্দিষ্ট সময় দেওয়া হবে। সেখানে শিক্ষার্থীরাও আবার তাদের মত দেবে। এরপর চূড়ান্ত গঠনতন্ত্র নিয়ে আমরা নির্বাচনের দিকে আগাতে চাই।

সংলাপে প্যানেল ডিসকাশনে আলোচক হিসেবে আরও ছিলেন- রাবি উপ-উপাচার্য (শিক্ষা) অধ্যাপক ফরিদ উদ্দিন খান, রাবি ছাত্র উপদেষ্টা ড. আমিরুল ইসলাম, রাজশাহীর মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ডের সচিব ড. শামিম আরা চৌধুরী, রাবির গণযোগাযোগ ও সাংবাদিকতা বিভাগের অধ্যাপক ড. আ আল মামুন এবং রাকসুর কোষাধ্যক্ষ অধ্যাপক ড. সেতাইর রহমান।

রাবির লোকপ্রশাসন বিভাগের অধ্যাপক ড. পারভেজ আযহারুল হকের সঞ্চালনায় সংলাপে ডেমোক্রেসি ইন্টারন্যাশনালের ডেপুটি চিফ অব পার্টি আমিনুল এহসান, সিনিয়র রিজিওনাল ম্যানেজার আসমা আক্তার, সিনিয়র প্রোগ্রাম অফিসার এএসএম জুনায়েদ মুফরাদ ও প্রোগ্রাম অফিসার আশেক তানভীর অনীক উপস্থিত ছিলেন।

এ সময় শিক্ষার্থীদের পাশাপাশি রাবির বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলন, ছাত্রশিবির, স্টুডেন্ট রাইটস অ্যাসোসিয়েশন, সোচ্চার, স্টুডেন্ট নেটওয়ার্ক, সাংবাদিক সংগঠন ও ডিবেটিং সোসাইটিসহ ক্যাম্পাসের বিভিন্ন সংগঠনের ২০ জন প্রতিনিধি অংশ নেন। আয়োজকরা জানান, আমন্ত্রণ জানানো হলেও রাবি শাখা ছাত্রদল, ছাত্র ইউনিয়ন, ছাত্র ফেডারেশন ও ছাত্র অধিকার পরিষদ সংলাপে অংশগ্রহণ করেনি।